অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/6/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল অগ্নি নিরাপত্তা কর্মগোষ্ঠীর প্রাথমিক সুপারিশ প্রকাশ করলেন

কর্মগোষ্ঠী ব্যাটারি এনার্জি স্টোরেজ সিস্টেমের সুপারিশকৃত উন্নত নিরাপত্তা মানদণ্ডের রূপরেখা প্রদান করেছে

সুপারিশের মধ্যে রয়েছে নিউ ইয়র্ক স্টেটের অগ্নি কোড সংশোধন করা এবং সেরা অনুশীলন স্থাপন করা

গভর্নর ক্যাথি হোকল আজকে আন্তঃএজেন্সি অগ্নি নিরাপত্তা কর্মগোষ্ঠীর (Inter-Agency Fire Safety Working Group) প্রাথমিক সুপারিশসমূহ প্রকাশ করেছেন, যেখানে ব্যাটারি এনার্জি স্টোরেজ সিস্টেমের (Battery Energy Storage Systems, BESS) উন্নত নিরাপত্তা মানদণ্ডের রূপরেখা প্রদান করা হয়েছে। খসড়া সুপারিশের মধ্যে রয়েছে নিউ ইয়র্ক স্টেটের অগ্নি কোডের (Fire Code of New York State, FCNYS) সম্ভাব্য সংশোধন এবং সেই সাথে সেরা অনুশীলনের সংজ্ঞা প্রদান ও বাস্তবায়ন করার অতিরিক্ত সুযোগ। গৃহীত হলে, এই পরিবর্তনগুলি উন্নত নিরাপত্তা মানদণ্ডকে কোডিফাই করবে এবং দায়িত্বশীল ও নির্ভরযোগ্য ব্যাটারি এনার্জি স্টোরেজ বিকাশে নিউ ইয়র্কের দেশের শীর্ষস্থান ধরে রাখবে। আজকের ঘোষণা হলো প্রাথমিক ডেটা প্রকাশের অনুবর্তী যেখানে দেখা গেছে যে গত গ্রীষ্মকালে জেফার্সন, অরেঞ্জ এবং সাফোক কাউন্টিতে ব্যাটারি এনার্জি স্টোরেজ সিস্টেমে অগ্নিকাণ্ডের পরবর্তীতে কোনো হতাহতের খবর পাওয়া যায়নি এবং কোনো ক্ষতিকর মাত্রার বিষাক্ত পদার্থের উপস্থিত নির্ণয় করা যায়নি।

"ব্যাটারি এনার্জি স্টোরেজ শিল্পখাত পুরো নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহকে একটি পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যতে স্থানান্তরিত হতে সাহায্য করছে, এবং সার্বিক নিরাপত্তা মানদণ্ড নির্ধারিত রাখা আমাদের জন্য অতি গুরুত্বপূর্ণ," **গভর্নর হোকল বলেন।**"কর্মগোষ্ঠীর সুপারিশ গ্রহণ করা হলে নিশ্চিত করা যাবে যে নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তিতে স্থানান্তর নিরাপদে এবং দায়িত্বশীলভাবে করা হচ্ছে।"

দেশের শীর্ষ বিষয়বস্তুর অভিজ্ঞ ব্যক্তির সহায়তা নিয়ে, বিদ্যমান নিউ ইয়র্ক স্টেট অগ্নি কোড এবং অন্যান্য এনার্জি স্টোরেজ অগ্নি নিরাপত্তা মানদণ্ডকে পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করার পর কর্মগোষ্ঠী আজকে ঘোষিত 15টি খসড়া সুপারিশসমূহের প্রস্তাবনা প্রদান করেছে। এখানে প্রতিরোধমূলক এবং সাড়াদান সংক্রান্ত ব্যবস্থা নিয়ে বলা আছে এবং সেই সাথে সেরা অনুশীলনের কথা বলা হয়েছে, এবং প্রকল্প অনুমতি আবেদনের প্যাকেজের পিয়ার পর্যালোচনা, জরুরি সাড়াদান পরিকল্পনা, এবং স্থানীয় দমকল বিভাগের প্রশিক্ষণ ইত্যাদি সম্পর্কিত প্রস্তাবিত আবশ্যিকতা রয়েছে। সুপারিশসমূহ নিউ ইয়র্কে BESS এর জন্য প্রবিধানিক ফ্রেমওয়ার্ক আরো

উন্নত করার পথ সনাক্ত করে, এবং ঘণ্টায় 600 কিলোওয়াট (kilowatt-hours, kWh) অতিক্রম করা লিথিয়াম আয়ন BESS এ এটি প্রয়োগ করার উদ্দেশ্য রয়েছে। আউটডোর সিস্টেম, নিবেদিত ব্যবহারের ভবনে BESS, এবং অন্যান্য গ্রিড স্কেলের ব্যাটারি এনার্জি স্টোরেজ সিস্টেমের উপর প্রাধান্য দিয়ে সুপারিশসমূহ তৈরি করা হয়েছে। স্টেটে এবং সম্ভব হলে পুরো দেশে নিরাপত্তা মানদণ্ড প্রয়োগকে উন্নত করতে সাহায্য করার জন্য FCNYS এর পরবর্তী সংস্করণে এর অন্তর্ভুক্তির জন্য নিউ ইয়র্ক স্টেট কোড পরিষদ (কোড পরিষদ) (New York State Code Council) এটিকে বিবেচনা করবে। এইসব খসড়া সুপারিশ সম্পর্কে মতামত কর্মগোষ্ঠীর কাছে জমা দেওয়ার জন্য আগ্রহী স্টেকহোল্ডারদের উৎসাহিত করা যাচ্ছে যাতে কোড পরিষদের বিবেচনার জন্য তাদের কাছে জমাকৃত চূড়ান্ত সুপারিশে এগুলি যোগ করা যায়।

5 মার্চ, 2024, দুপুর 3:00টা, ইস্টার্ন স্ট্যান্ডার্ড টাইম সময়কাল পর্যন্ত জনমত গ্রহণ খোলা থাকবে।

একটি নির্ভরযোগ্য, নিঃসরণমুক্ত বৈদ্যুতিক গ্রিড অর্জন করার জন্য ব্যাটারি এনার্জি স্টোরেজ সিস্টেম একটি অতি গুরুত্বপূর্ণ অংশ যেহেতু বিদ্যুতের স্টোরেজ উচ্চ চাহিদার সময় বা কম উৎপাদনের সময় গ্রিডের লোড ভারসাম্য করতে সাহায্য করতে পারে। 2023 সালের গ্রীষ্মকালে নিউ ইয়র্ক স্টেটজুড়ে তিনটি BESS অবস্থানে অগ্নিকাণ্ডের একটি সিরিজের পর গভর্নর হোকল লিথিয়াম এবং BESS সংশ্লিষ্ট নিরাপত্তা সমাধান করার জন্য আন্তঃএজেন্সি অগ্নি নিরাপত্তা কর্মগোষ্ঠী সমবেত করেন। কর্মগোষ্ঠীতে রয়েছে নিউ ইয়র্ক স্টেট স্বদেশ নিরাপত্তা এবং জরুরি সেবা বিভাগ (New York State Division of Homeland Security and Emergency Services, DHSES), নিউ ইয়র্ক স্টেট অগ্নি প্রতিরোধ ও নিয়ন্ত্রণ অফিস (New York State Office of Fire Prevention and Control), নিউ ইয়র্ক স্টেট গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA), নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগ(New York State Department of Environmental Conservation, DEC), জনসেবা বিভাগ (Department of Public Service, DPS) এবং ডিপার্টমেন্ট অফ স্টেটের (Department of State, DOS) এজেন্সি কর্মকর্তাগণ, এবং সেই সাথে রয়েছে দেশের সেরা BESS নিরাপত্তা শিল্পখাতের অভিজ্ঞ ব্যক্তি এবং এর উদ্দেশ্য হলো সাম্প্রতিক ব্যর্থতার ইভেন্টের তদন্ত করা, বর্তমান স্থাপনা পরিদর্শন করা এবং কোড এবং শিল্পখাতের সেরা অনুশীলনের মধ্যকার শূন্যস্থান সনাক্ত করা।

NYSERDA প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যতের সম্পূর্ণ সম্ভাবনা বাস্তবায়ন করার জন্য প্রয়োজন নেতৃত্ব এবং ব্যাটারি এনার্জি স্টোরেজ সিস্টেমের নিরাপদ ও দায়িত্বশীল স্থাপনার প্রতিশ্রুতি। সম্প্রদায়সমূহ এবং প্রথম সাড়াদানকারীদের নিরাপত্তার জন্য সর্বশেষ কোড, মানদণ্ড এবং সেরা অনুশীলন দিয়ে অতি গুরুত্বপূর্ণ প্রযুক্তি অগ্রসর করার জন্য গভর্নরের আন্তঃএজেন্সি কর্মগোষ্ঠীর পেশ করা এইসব প্রস্তাবিত সুপারিশ একটি নীলনকশা প্রদান করে এবং একই সাথে নিশ্চিত করে যাতে এই সিস্টেমগুলি স্টেটের বৈদ্যুতিক গ্রিডের স্থিতিস্থাপকতা এবং কার্যকারিতা উন্নত করা অব্যাহত রাখতে পারে।"

নিউ ইয়র্ক স্টেট স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের কমিশনার জ্যাকি ব্রে বলেন, "জীবাশ্ম জ্বালানিতে আমাদের নির্ভরশীলতা হ্রাস করতে এবং নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তি ভবিষ্যৎ নিশ্চিত করতে ব্যাটারি এনার্জি স্টোরেজ সাইটগুলি অতি গুরুত্বপূর্ণ। এই সুপারিশসমূহ

এইসব ফ্যাসিলিটির নিরাপদ পরিচালনা নিশ্চিত করতে সাহায্য করবে এবং যেহেতু আমরা একটি সবুজতর ভবিষ্যৎ গঠন করছি তাই এটি অন্য স্টেটের অনুসরণের জন্য একটি আদর্শ হিসেবে কাজ করবে।"

নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার ব্যাসিল সেগোস বলেন, "নিউ ইয়র্কবাসীর নিরাপত্তা সর্বদাই গভর্নর হোকলের এক নম্বর অগ্রাধিকার এবং এইসব সুপারিশ নিউ ইয়র্ককে নেতা হিসেবে প্রতিষ্ঠা করবে যাকে অন্য স্টেটরা অনুসরণ করতে পারবে। এনার্জি স্টোরেজ স্থাপন প্রকল্পসমূহ যাতে আমাদের সম্প্রদায়সমূহ ও পরিবেশের জন্য প্রতিরক্ষামূলক হয় তা নিশ্চিত করতে DEC এর অভিজ্ঞ ব্যক্তিরা অগ্নি নিরাপত্তা কর্মগোষ্ঠীকে সহায়তা করেছে।"

জনসেবা বিভাগের প্রধান নির্বাহী কর্মকর্তা রোরি এম. ক্রিস্টিয়ান বলেন, "এই গুরুত্বপূর্ণ আন্তঃএজেন্সি অগ্নি নিরাপত্তা গোষ্ঠী তৈরি করতে একটি নেতৃস্থানীয় ভূমিকা গ্রহণের জন্য আমি গভর্নর হোকলকে অভিনন্দন জানাচ্ছি। নিউ ইয়র্ককে একটি নির্ভরযোগ্য, নিঃসরণমুক্ত বৈদ্যুতিক গ্রিড অর্জনে সাহায্য করার জন্য এবং আমাদের দেশসেরা পরিচ্ছন্ন শক্তি আবশ্যিকতা পূরণ করতে সাহায্য করার জন্য ব্যাটারি এনার্জি স্টোরেজ সিস্টেম একটি মুখ্য ভূমিকা পালন করবে।"

নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের (New York Power Authority, NYPA) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জাস্টিন ই. ড্রিস্কল বলেন, "এনার্জি স্টোরেজ একটি উদ্ভাবনী প্রযুক্তির প্রতিনিধিত্ব করে যা নিউ ইয়র্কের দেশসেরা পরিষ্কার শক্তি লক্ষ্য অগ্রসর করতে সাহায্য করবে এবং একটি ডিকার্বোনাইজড বৈদ্যুতিক ব্যবস্থায় আমাদের স্থানান্তরের ক্ষেত্রে একটি বৃহত্তর প্রভাব রাখবে বলে আশা করা যাচ্ছে। এনার্জি স্টোরেজ সিস্টেমের নিরাপত্তা নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের জন্য একটি গুরুত্বপূর্ণ বিষয় হয়ে আছে। গভর্নরের আন্তঃএজেন্সি কর্মগোষ্ঠীতে আমাদের সমর্থন এবং অন্যান্য স্টেট এজেন্সির সাথে আমাদের সহযোগিতার মাধ্যমে আমরা শিল্পখাতকে অগ্নি ও নিরাপত্তা মানদণ্ড সম্পর্কে পরামর্শ প্রদান করছি যা আগামী বহু বছর ধরে এনার্জি স্টোরেজ অবকাঠামোর বিকাশে নির্দেশনা প্রদান করবে।"

আজকের ঘোষণাটি গত বছরের শেষের দিকের অগ্নিকাণ্ডের সাইটসমূহে বায়ু, মাটি এবং পানি পরীক্ষার প্রাথমিক ফলাফল প্রকাশের পর কর্মগোষ্ঠী যেই অগ্রগতি করেছে তার অনুবর্তী। পাশাপাশি, ওয়ারউইক, ইস্ট হ্যাম্পটন, এবং শমন্ট অগ্নিকাণ্ডের জন্য মূল কারণ বিশ্লেষণ (Root Cause Analysis, RCA) প্রতিবেদন নিশ্চিত করার জন্য ক্ষতিগ্রস্ত ফ্যাসিলিটির ব্যাটারি প্রস্তুতকরণ ও ইউটিলিটি কোম্পানির সাথে কর্মগোষ্ঠী আলোচনা করে চলেছে। প্রতিবেদনসমূহ উপলভ্য করা হলে সংশ্লিষ্ট বিষয়ের অভিজ্ঞ ব্যক্তিরা তার পর্যালোচনা ও বিশ্লেষণ করবে।

এছাড়াও নিউ ইয়র্কে 300 কিলোওয়াটের (kilowatt, kW) উপরের সকল সক্রিয় ব্যাটারি সিস্টেমকে পরিদর্শন করার জন্য কর্মগোষ্ঠী বিষয়বস্তুতে অভিজ্ঞ ব্যক্তিদের সাথে অংশীদারিত্ব করবে, পুরো স্টেটের অধিকাংশ বাণিজ্যিক ব্যাটারি সিস্টেম এর আওতাধীন হবে। পরিদর্শন বর্তমানে চলছে এবং 2024 সালের দ্বিতীয় ত্রৈমাসিকের মধ্যে এই কাজ শেষ হবে বলা আশা করা যাচ্ছে। পরিদর্শনে লক্ষ্য হলো ব্যাটারি এনার্জি স্টোরেজ ব্যবস্থার শক্তিপ্রদান করার পূর্বে বর্তমান মূল্যায়ন চেকলিস্টকে ও নিউ ইয়র্ক স্টেট ও অন্যান্যদের ব্যবহার করা উপলভ্য সেরা অনুশীলনকে হালনাগাদ করা এবং জরুরি সাড়াদান ব্যবস্থা উন্নত করার সময় থেকে শেখা পাঠকে অন্তর্ভুক্ত করা।

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা
নিউ ইয়র্ক স্টেটের জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করে, সকল খাতে একটি সবুজ অর্থনীতি গড়ে তোলার কাজ অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগ দ্বারা প্রাপ্ত লাভের 40 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে প্রদান করার লক্ষ্য নিয়ে তার কমপক্ষে 35 শতাংশের তাদের প্রদান করা হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি উদ্যোগসমূহের কিছু দ্বারা নির্দেশিত হয়ে, নিউ ইয়র্ক প্রয়াসের একটি গুচ্ছকে অগ্রসর করছে, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক ক্যাপ এবং বিনিয়োগ (New York Cap-and-Invest program, NYCI) কর্মসূচি এবং অন্যান্য সম্পূরক নীতিমালা, যাতে করে 2030 সালের মধ্যে 1990 এর মাত্রার তুলনায় 40 শতাংশ এবং 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করা যায়। এছাড়াও নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে নিঃসরণমুক্ত বিদ্যুৎ খাত অর্জন করার পথে রয়েছে, এর মধ্যে রয়েছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়ন যোগ্য শক্তি উৎপাদন, এবং শতকের মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো পরিচ্ছন্ন শক্তিতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেটজুড়ে 64টি বড় আকারের নবায়নযোগ্য ও ট্রান্সমিশন প্রকল্পে 40 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, ভবন থেকে নিঃসরণ হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলার, এবং 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি গ্রিন ব্যাংক (Green Bank) প্রতিশ্রুতি। এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2022 সালে নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তি খাতে 170,000 এরও বেশি চাকরি, এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। 400টির বেশি নিবন্ধিত ও 130টির বেশি প্রত্যয়িত জলবায়ু স্মার্ট সম্প্রদায় (Climate Smart Communities), প্রায় 500টি পরিচ্ছন্ন শক্তি সম্প্রদায়কে (Clean Energy Communities) নিয়ে অংশীদারিত্বসমূহ নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে অগ্রসর করা অব্যাহত রেখেছে, এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি বায়ু পর্যবেক্ষণ উদ্যোগের মাধ্যমে বায়ু দূষণকে লক্ষ্য করে জলবায়ু পরিবর্তন মোকাবেলা করে যাচ্ছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন